গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
একত্রিকরণ শাখা

...

সভাপতি	মোঃ আনোয়ার হোসেন এম.ডি (রুটিন দায়িত্ব)
সভার তারিখ	০৩ জানুয়ারি ২০২১
সভার সময়	রবিবার, বেলা ১১.০০ ঘটিকা
স্থান	এক্সিকিউটিভ কনফারেন্স রুম, জীবন বীমা কর্পোরেশন
উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’

১.০ আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট 'ক' (348/potrojariAttachmentRef/11344/0/9454)) স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। তিনি জীবন বীমা কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেন (২য় কোয়ার্টার অক্টোবর-ডিসেম্বর, ২০২০-২০২১ (349/potrojariAttachmentRef/11344/0/9454)) এবং কর্পোরেশনে কিভাবে বাস্তবায়ন করা যায় তা নিয়ে পরামর্শ প্রদান করেন।

১.১ নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। বিগত ২০তম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় অবহিত করা হয় ও নিশ্চিত করা হয়। সভায় আরো অবহিত করা হয় যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব অরিজিৎ চৌধুরী (সিনিয়র সচিব মহোদয়ের রুটিন দায়িত্বে) এর সভাপতিত্বে Video Conferencing এর মাধ্যমে ৩০ ডিসেম্বর, ২০২০ তারিখে সভা অনুষ্ঠিত হয়। তিনি শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের প্রতি গুরুত্ব আরোপ করেন।

১.২ সভায় দক্ষতা ও নৈতিকতা উন্নয়নে অংশীজনের সভা ও প্রশিক্ষনের উপর গুরুত্ব আরোপ করা হয়। ২য় কোয়ার্টারে প্রশিক্ষণ বিভাগ মোট ৩৯৪ জনকে প্রশিক্ষণ প্রদান করে। স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরন ও সামাজিক দূরত্ব নিশ্চিত করা হয়। কর্পোরেশনের ফাইন্যান্সিয়াল ষ্ট্যান্ডিং অর্ডার ১৯৮৪ এর আর্থিক ক্ষমতা সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়। কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের ও যুগোপযোগী করার জন্য আরো একটি কমিটি গঠন কর হয়। আগামী সপ্তাহে উক্ত কমিটির সভা আহ্বানের জন্য ম্যানেজার-প্রশাসনকে নির্দেশনা দেয়া হয়। অন্য দিকে সিনিয়র সিস্টেম এনালিস্ট অবহিত করেন যে, শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স এবং অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে জানুয়ারি, ২০২১ এর মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য বলা হয়। উত্তম চর্চা হতে পারে যেমন- (১) বীমা গ্রহীতার প্রিমিয়াম পরিশোধ সময়ে সিস্টেম থেকে বীমাগ্রাহকের মোবাইলে মেসেজ প্রদান, (২) বীমা দাবী পরিশোধের সময় বীমা ১(এক) মাসের মধ্যে নিয়ে আসা ও সহজীকরণ, (৩) অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ইএফটির মাধ্যমে প্রদান এবং (৪) ব্যাংকিং চ্যানেল ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রিমিয়াম আদায়।

১.৩ অনুচ্ছেদ নং ৬ এর জন্য বলা হয় কর্পোরেশনে কোন প্রকল্প নাই। প্রধান কার্যালয়সহ রিজিওনাল অফিস থেকে ক্রয় পরিকল্পনা সংগ্রহ করা হয়েছে। যাচাই-বাছাই করে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বলেন সিটিজেন চার্টার দৃষ্টি নন্দন করতে হবে ।

ম্যানেজিং ডাইরেক্টর, জেনারেল ম্যানেজার-উন্নয়ন ও ডেপুটি জেনারেল ম্যানেজার –উন্নয়ন অফিসসমূহ পরিদর্শন করেছেন। তাছাড়া, স্ব স্ব অফিসের ইনচার্জও গনশুনানী করতে পারে। নথি বিনষ্টকরণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ কমিটি গঠন করতে পারে। শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসাবে প্রশাসনিক ব্যয় হ্রাসের জন্য গাড়ীর তেল খরচ সাশ্রয়ের জন্য বলা হয়েছে। প্রাধিকারভিত্তিক প্রাপ্ত দ্রব্যাদির ব্যবহারে সাশ্রয়ী হতে বলা হয়। অডিট আপত্তি নিষ্পত্তিতে গুরুত্ব আরোপ করা হয়। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান দ্রুত সময়ে সম্পাদন করতে বলা হয়। কর্ম পরিবেশন উন্নয়নের জন্য ১ম কোয়ার্টারের সিদ্ধান্ত অনুযায়ী ইই বিভাগের ফ্লোরে ওয়ার্কস্টেশন তৈরী করা হয়েছে। কর্পোরেশনে কেন্টিন সীমিত পরিসরে দুপুরে খাবারের জন্য চালু করা হয়েছে। শুদ্ধাচার খাতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে খরচ করতে হবে। পরীবিক্ষণ ও মূল্যায়ন যথাযথভাবে করতে হবে। মাঠ পর্যায়ের শুদ্ধাচার কমিটির দাখিলকৃত প্রতিবেদনের ফিড ব্যাক দিতে হবে। কর্পোরেশনের বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে ম্যানেজার-প্রশাসন কাজ করবে।

২.০ আলোচনা শেষে কমিটির সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

ক্র: নং	বিষয় আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অনুচ্ছেদ ১.১: নৈতিকতা কমিটির সভা		
ক)	নৈতিকতা কমিটির সভা ও বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।	কমিটির ফোকাল পয়েন্ট
০১	**৩.০ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন**		
খ)	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	চাকুরী এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেয়া হয়। স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরন ও সামাজিক দূরত্ব	
		নিশ্চিত করা হয়। কর্পোরেশনের ফাইন্যান্সিয়াল ষ্ট্যান্ডিং অর্ডার ১৯৮৪ এর আর্থিক ক্ষমতা সংশোধনের জন্য গঠিত কমিটির দুইটি সভা হয়েছে। প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের ও যুগোপযোগী করার জন্য আরো একটি কমিটি গঠন কর হয়। উক্ত কমিটির সভা আগামী সপ্তাহে করার জন্য বলা হয়।	সংশ্লিষ্ট কমিটি
গ)	**৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ**		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	প্রতি কোয়ার্টারে সেবা বক্স সমূহ হালনাগাদ করতে হবে। কর্পোরেশনের জন্য টোল ফ্রি নম্বর গ্রহণের জন্য বিটিআরসি-তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	এসএসএ (আইসিটি)
ঘ)	**৫. সুশাসন প্রতিষ্ঠা**		
	উত্তম চর্চার তালিকা প্রণয়ন ও অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ	সুশাসন প্রতিষ্ঠার উত্তম চর্চার তালিকা ১ম কোয়ার্টার সভায় প্রনয়ন করা হয়েছে যা নিম্নরুপ: (১) বীমা গ্রহীতার প্রিমিয়াম পরিশোধ সময়ে সিস্টেম থেকে বীমাগ্রাহকের মোবাইলে মেসেজ প্রদান, (২) বীমা দাবী পরিশোধের সময় বীমা ১(এক) মাসের মধ্যে নিয়ে আসা ও সহজীকরণ, (৩) অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ইএফটিরর মাধ্যমে প্রদান এবং (৪) ব্যাংকিং চ্যানেল ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রিমিয়াম আদায়। উক্ত তালিকা বর্ণনাসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে।	কমিটির ফোকাল পয়েন্ট
ঙ)	**৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার**		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	ক্রয় পরিকল্পনা প্রধান কার্যালয়সহ ৮টি রিজিওনাল অফিস থেকে সংগ্রহ করা হয়েছে। যাচাই-বাছাই করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ
চ)	**৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ**		
	৮.১ সিটিজেনস্ চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন, ৮.৪ সচিবালয় নির্দেশিকা-২০১৪ নিয়ে কমিটি আলোচনা করে ও ৮.৫ নথি বিনষ্টকরণ ।	সিটিজেন চার্টার বর্তমান অবস্থান থেকে আর একটু উপরে উঠাতে হবে। সচিবালয় নির্দেশিকা মোতাবেক কর্পোরেশন সকল দপ্তর নথি শ্রেণী বিন্যাস করে ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়কে অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর
ছ)	অনুচ্ছেদ ৮.৬ প্রতিষ্ঠানিক গণশুনানি		

	গণশুনানি নিয়ে কমিটি আলোচনা করে।	রিজিওনাল অফিসে গণশুনানির সিদ্ধান্ত হয়।	স্ব স্ব বিভাগ ও রিজিওনাল ইনচার্জ
জ)	**৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূনীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম যেমন: জ্বালানী ব্যয় হ্রাস করতে হবে। দ্রব্যাদি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর
ঝ)	অনুচ্ছেদ ১০.১: পুরস্কার প্রদান		
	পুরস্কার প্রদান বিষয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। কমিটি পুরস্কার প্রদানের বিষয় একমত হয়।	সভাপতি মহোদয় দ্রুত পুরস্কার প্রদান এবং এর জন্য এনআইএস নির্দেশিকা ও অন্যান্য ক্রাইটেরিয়া অনুসরন করার জন্য অনুরোধ করেন।	গঠিত কমিটি
ঞ)	**১১. কর্ম-পরিবেশ উন্নয়ন**		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা হয়।	কর্ম পরিবেশন উন্নয়নের জন্য প্রাথমিকভাবে একটি ফ্লোরের জন্য ওয়ার্কস্টেশন ১ম কোয়ার্টারের সিদ্ধান্ত অনুযায়ী তৈরী করা হয়েছে। কর্পোরেশনে প্রধান কার্যালয়ের জন্য কেন্টিন চালু করা হয়েছে।	ইই বিভাগ
ট)	অনুচ্ছেদ ১৩.৩: মাঠ/আঞ্চলিক কর্ম পরিকল্পনা		
	আঞ্চলিক/মাঠ পর্যায়ে যে সকল রিজিওনাল অফিস ২০১৯-২০২০ এর কর্ম পরিকল্পনা দেয়নি তা নিয়ে আলোচনা হয়।	যে সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ে রিজিওনাল অফিস কর্ম পরিকল্পনা দেয়নি তাদের ব্যাখ্যা চেয়ে পত্র প্রদান করতে হবে।	ফোকাল পয়েন্ট

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আনোয়ার হোসেন
এম.ডি (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৩.১৯.০০০০.৮০১.৩৭.০০১.২০.৪

তারিখ: ২১ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব (রুটিন দায়িত্ব), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষা শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৪) জিএম (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
৫) জিএম, গ্রুপ বীমা ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
৬) জিএম, ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
৭) জিএম, অর্থ ও হিসাব ডিভিশন , জীবন বীমা কর্পোরেশন
৮) ডিজিএম, জীবন বীমা কর্পোরেশন

৯) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জীবন বীমা কর্পোরেশন

১০) ম্যানেজার, কর্মচারী প্রশাসন বিভাগ, জীবন বীমা কর্পোরেশন

মোঃ ফেরদৌস আলম খান

ম্যানেজার